

45

দৈনিক ইন্ডিয়ান

তারিখ ... 21 MAY 1998 ..

পৃষ্ঠা ... কলাম ... ৩

সরকারী প্রাথমিক

শিক্ষকদের ৫ দফা না মানলে

জুনে আন্দোলন কর্মসূচী

প্রেস বিজ্ঞপ্তি : বাংলাদেশ সরকারী প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতির কেন্দ্রীয় নীতি-নির্ধারণী কমিটির সভা গতকাল ডেঙ্গাগাঁও থানাধীন রোটারী সরকারী প্রাথমিক বিদ্যালয়ে সমিতির সভাপতি জনাব মোঃ সুরঞ্জামান-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় সমিতির সিনিয়র সহ-সভাপতি জনাব সুলতান আহমদ, মহাসচিব মুঃ আঃ আউয়াল তালুকদার, ঢাকা মহানগরী সভাপতি ও সম্পাদক, জনাব মীর আবুল হোসেন ও মোঃ আঃ মামান আকন্দ, কেন্দ্রীয় সমবায় বিষয়ক সম্পাদক জনাব নূর মোহাম্মদ, প্রচার সম্পাদক মোঃ জসীম উদ্দীন উপস্থিত ছিলেন। সভায় বক্তাগণ সমিতির ৫ দফা দাবী মেনে নেয়ার আহবান জানান। অন্যথায় জুন মাসের প্রথম সপ্তাহে আন্দোলনের কর্মসূচী ঘোষণা করা হবে বলে বক্তাগণ উল্লেখ করেন।

সমিতির ৫ দফা দাবীর মধ্যে রয়েছে :
 (১) অবিলম্বে সরকারী প্রাথমিক বিদ্যালয় শিক্ষক কল্যাণ ট্রাস্টের কার্যক্রম চালুকরণ।
 (২) প্রাথমিক শিক্ষকদের বার্ষিক ছুটি অন্যান্য সরকারী কর্মচারীদের চাইতে কম বিধায় এখন থেকে সরকারী প্রাথমিক শিক্ষকদের এলপিআর রিক্রিয়েশন লিভসহ অন্যান্য সুবিধা সরকারী কর্মচারীদের ন্যায় দিতে হবে।
 (৩) দেশের যে সকল সরকারী প্রাথমিক বিদ্যালয় ডবল শিফটে চলে সেগুলোর সময়সূচী প্রথম শিফটের কাজ সকাল ৬-৩০ মিঃ থেকে ১২টার পরিবর্তে ৭টা থেকে ১২টা এবং দ্বিতীয় শিফটের কাজ ১২টা থেকে ৫.৩০ মিঃ-এর পরিবর্তে ১২-৫টা করতে হবে।
 (৪) বিদ্যালয়ের শিক্ষক ছাত্র অনুপাত বিদ্যালয়ের মোট ছাত্রের ৩৫.১-এর ভিত্তিতে হবে হবে।
 (৫) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার জামালপুর-এর বিরুদ্ধে বিভিন্ন দুর্নীতির অভিযোগ যেহেতু প্রমাণিত হয়েছে এবং যেহেতু শিক্ষক-কর্মচারী, মুক্তিযোদ্ধারা তার অপসারণ দাবী করেছেন এবং যেহেতু উক্ত শিক্ষা অফিসার জামালপুরে একজন বিতর্কিত শিক্ষা কর্মকর্তা হিসাবে আছেন সেহেতু নিরপেক্ষ শিক্ষা ব্যবস্থার স্বার্থে তাকে অবিলম্বে জামালপুর জেলার দায়িত্ব থেকে অব্যাহতি প্রদান করতে হবে।